



গণিত মেধা অন্বেষণ – ২০২৩

Mathematics Talent Search – 2023

Organized by : The Pi Group of Mathematics, Cooch Behar

Class – I

Full Marks – 100

Time – 1H 30 min

পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ

১. উত্তরপত্রের নির্দিষ্ট জায়গায় পরীক্ষার্থীর নাম, পরীক্ষার রোল নম্বর, শ্রেণী এবং বিদ্যালয়ের নাম ঠিকমত লিখতে হবে।
২. প্রতিটি প্রশ্নের মান ২ করে মোট ৫০টি প্রশ্ন আছে।
৩. প্রতিটি প্রশ্নের জন্য ৪টি করে সম্ভাব্য উত্তর-এর বিকল্প (Option) দেওয়া আছে।
৪. উত্তরপত্র (OMR Sheet) -এ প্রতিটি প্রশ্নের চারটি বিকল্পের মধ্যে শুধুমাত্র সঠিক বিকল্প লেখা বৃত্তটি সম্পূর্ণ ভর্তি করে দিতে হবে। একই প্রশ্নের একাধিক বৃত্ত ভর্তি করলে সেই উত্তরটি বাতিল বলে গণ্য হবে।
৫. ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্কিং নেই।

১. ৪০০ এর আগের সংখ্যাটি হল –

- a) ৪০১ b) ৫০০ c) ৩৯৯ d) ৪৯৯

২. ক্ষুদ্রতম মৌলিক সংখ্যাটি হল –

- a) ১ b) ২ c) ৩ d) কোনটিই নয়

৩. একটি প্রজাপতির -----টি পা

- a) ২ b) ৪ c) ৬ d) কোনটিই নয়

৪. $৮ \times ০ = \square$

- a) ৮ b) ১ c) ০ d) ৮০

৫. অঙ্কে লিখোঃ ঊনআশি হাজার সাত

- a) ৮৯৭০০ b) ৮৯০০৭ c) ৭৯০০৭ d) ৭৯৭০০

৬. একটি সংখ্যার সঙ্গে ওপর একটি সংখ্যা ----- করলে পরিমাণ বাড়ে।

- a) যোগ b) বিয়োগ c) ভাগ d) কোনটিই নয়

৭.  চিত্রটির নাম –

- a) বৃত্ত b) চতুর্ভুজ c) ত্রিভুজ d) পঞ্চভুজ

৮. ঘড়ির বড়ো কাঁটাকে ----- কাঁটা বলে।

- a) ঘণ্টার কাঁটা b) মিনিটের কাঁটা
c) সেকেন্ডের কাঁটা d) কোনটিই নয়

৯. ৪ ডজন = ----- টি।

- a) ১২টি b) ২৪টি c) ৪৮টি d) ৮৪টি

১০. ৯৪০ সংখ্যাটিকে উল্টে লিখলে হয় –

- a) ৪৯ b) ৯০৪ c) ৪০৯ d) কোনটিই নয়

১১. ফাঁকা ঘরে সঠিক চিহ্ন বসাতো –

৩৬ $\square$ ৯ = ৪

- a) + b) - c) $\div$ d) $\times$

১২. ঝড়ের আগে একটি আম গাছে ৭৩টি আম ছিল। ঝড়ে ১৮টি আম পড়ে গেল। গাছে আর কটি আম থাকল ?

- a) ৭২৭ b) ৬৭২ c) ৭১৩ d) ৭৪৯

১৩. ভাগফল ও ভাগশেষ নির্ণয় করোঃ $৯৮ \div ৮$

- a) ১২, ২ b) ২২, ৫ c) ১৩, ৪ d) ১২, ০

১৪. একটি বছরে -----টি মাস আছে।

- a) ৭টি b) ১২টি c) ৩০টি d) ১৫টি

১৫.  চিত্রটিতে কয়টি ত্রিভুজ আছে ?

- a) ৪টি b) ৮টি c) ৫টি d) ১২টি

১৬. যাকে ভাগ করা হয়, তাকে বলে -----।

- a) ভাজক b) ভাগফল c) ভাগশেষ d) ভাজ্য

১৭. একদশ আট = ?

- a) ১০৮ b) ১০ c) ১৮ d) ৮১

১৮. দশকের ঘরে ১ বাড়লে সংখ্যার মান বাড়ে –

- a) ০ b) ১ c) ১০ d) ১০গুন

১৯. সবচেয়ে বড় সংখ্যাটি হল –

- a) ৭৫৯ b) ৭৯৫ c) ৭৯৩ d) ৭৩৯

২০. দুটি দশ টাকার নোট মিলে হয় –

- a) দুই টাকা b) দশ টাকা c) কুড়ি টাকা d) চার টাকা

২১. আটের পূরণবাচক সংখ্যা হল –

- a) দশম b) নবম c) অষ্টম d) সপ্তম

২২. তুমি ৭ মার্চ থেকে ১৩ মার্চ পর্যন্ত স্কুলে অনুপস্থিত ছিলে।
তুমি কতদিন স্কুলে অনুপস্থিত ছিলে ?

- a) ৬দিন b) ৭দিন c) ৮দিন d) ৯দিন

২৩. জানুয়ারী মাসে কতদিন ?

- a) ৩০ b) ২৮ c) ৩১ d) ২৯

২৪. রিমির ১৬টি বন্ধু। প্রতিটি বন্ধুকে যদি ৩টি করে চকলেট দেয়, তবে তাকে কটি চকলেট কিনতে হবে ?

- a) ৪৮টি b) ৩৬টি c) ৪০টি d) ৩৩টি

২৫. দুটি সংখ্যার যোগফল ২২২, একটি ১৫ হলে অপরটি হল -

- a) ২১০ b) ২০৭ c) ২১৭ d) ২৩৭

২৬. চারটি টেবিলের মোট পা ----- টি।

- a) ১০টি b) ২০টি c) ১৬টি d) দুটি

২৭. $৬ + ৬ + ৬ + ৬ + ৬ = ?$

- a) $৬ - ৫$ b) ৬×৫ c) $৬ + ৫$ d) $৬ \div ৫$

২৮. ১ মিনিট = ----- সেকেন্ড।

- a) ১০ সেকেন্ড b) ৬০ সেকেন্ড
c) ৬০ ঘণ্টা d) ৬০০ সেকেন্ড

২৯. লিপ ইয়ারে এক বছরে ----- দিন।

- a) ৩৬৫ দিন b) ৩৫৬ দিন
c) ৩৬৬ দিন d) কোনটিই নয়।

৩০.



ঘড়িতে কটা বাজে ?

- a) সাড়ে ৩টা b) আড়াইটা
c) দেড়টা d) সোয়া ৬টা

৩১. তুহিন ও দিশা স্কুলে এসে যথাক্রমে ১২৬টি ও ২০৩টি ফুল
কুড়িয়ে একটা পাত্রে রাখল। দীপ এসে ঐ পাত্র থেকে ১৯টি ফুল
তুলে নিল। তবে ওই পাত্রে কটা ফুল থাকল ?

- a) ৩১৭টি b) ১১৭টি c) ৩২৯টি d) ৩১০টি

৩২. একজোড়া নারিকেলের দাম ৫০টাকা হলে, ৫টি নারিকেলের
দাম কত ?

- a) ২৫০ টাকা b) ১৫০ টাকা c) ১২৫ টাকা d) ১০০ টাকা

৩৩. শূন্যস্থান পূরণ করো: $\square \div ৭ = ৯$

- a) ৯ b) ৩৬ c) ৬৩ d) ১৬

৩৪. সাপ লুডো খেলায় ----- পড়লে খেলা শুরু হয়।

- a) ১ b) ৬ c) ৫ d) ২

৩৫. ৩২ থেকে ৪ কতবার বিয়োগ করা যায় ?

- a) ৪ বার b) ৬ বার c) ৮ বার d) কোনটিই নয়।

৩৬. দয়ারাম কাকুর ঝাড়িতে অনেকগুলি লিচু আছে। তিনি
মিষ্টিকে ১৪১টি ও ছবিকে ২১৯টি লিচু দিলেন। এখন ঝাড়িতে
১৩৯টি লিচু পড়ে আছে। দয়ারামকাকুর ঝাড়িতে প্রথমে কতগুলি
লিচু ছিল ?

- a) ৪৯৯টি b) ৫০০টি c) ৩৯৯টি d) ৫৯৯টি

৩৭. ফাঁকা ঘরে সংখ্যা বসাও –

৩, ৬, , ১২, ১৫

- a) ৪ b) ৩০ c) ১২ d) ৯

৩৮. মা তোমাকে দোকান পাঠিয়েছে। তুমি দোকান থেকে ২১ টাকা ৫০ পয়সার সাবান, ৩৫ টাকার বিস্কুট ও ১৪ টাকা ৫০ পয়সার দুটো ডিম কিনলে। তোমার মোট কত কত টাকা খরচ হল ?

- a) ৮১ টাকা ৫০ পয়সা b) ৮১ টাকা
c) ৭১ টাকা d) ৭১ টাকা ৫০ পয়সা

৩৯. দুপুর দেড়টার সময় মিনিটের কাঁটা -----এর ঘরে থাকে।

- a) ১টা b) ৩টা c) ৬টা d) ১২টা

৪০. একক দশকের থেকে -----

- a) ছোটো b) বড়ো c) সমান d) কোনটিই নয়।

৪১. ৫, ০, ৮ সংখ্যাগুলি দ্বারা গঠিত ক্ষুদ্রতম সংখ্যাটি হল -

- a) ৮৫০ b) ৮৫ c) ৫৮ d) ৫০৮

৪২. ১১৭টি সন্দেশ ৯টি থালায় সমান ভাবে ভাগ করে দিলে, প্রত্যেক থালায় সন্দেশ থাকবে ----- ।

- a) ২৭টি b) ১৩টি c) ৯টি d) ১৮টি

৪৩. একটি ধোসার দাম ৬০ টাকা ৫০ পয়সা । একটি ইডলির দাম ১৫ টাকা ৫০ পয়সা । তবে একটা ধোসার দাম একটা ইডলির দামের থেকে কত বেশী ?

- a) ৪৫ টাকা ৫০ পয়সা b) ৭৫ টাকা ৫০ পয়সা
c) ৪৫ টাকা d) ৫৭ টাকা

৪৪. $১৮ - ৫ - ৭ =$ কত ?

- a) ১৬ b) ৬ c) ২৬ d) ১৩

৪৫. ৯৯-এর পরের সংখ্যাটি হল ----- অংকের সংখ্যা ।

- a) দুই b) এক c) তিন d) চার

৪৬. $৩৮১ \div ৩$ সংখ্যাটিতে ভাজক হল -

- a) ৩৮১ b) ৩ c) ১২৭ d) ২৭

৪৭. একটি বর্গাকার চিত্র ----- টি সরলরেখাংশ দিয়ে তৈরি হয়।

- a) ১ b) ২ c) ৩ d) ৪

৪৮. একটি ব্যাঙ ১লাফে ৭ ঘর যায়, ৫ লাফে যায় -

- a) $৫ + ৭$ b) ৭×৫ c) $৭ - ৫$ d) $৭ \div ৫$

৪৯. ২৪৬ জন লোক নদীর পাড়ে দাঁড়িয়ে আছে। তিনটি নৌকা ঘাটে বাঁধা আছে। প্রতিটি নৌকায় সমান সংখ্যক লোক উঠবে । তাহলে প্রতিটি নৌকায় কতজন লোক উঠবে ?

- a) ৮২ জন b) ৭৬ জন c) ২২জন d) ৬১ জন

৫০. এক অংকের সংখ্যাগুলির যোগফল হল -

- a) ৯৯ b) ০ c) ৪৫ d) ১০